

## প্রেস বিজ্ঞপ্তি

### জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ

### বিভিন্ন অপরাধে ২৯টি প্রতিষ্ঠানকে ১.৯৪ লক্ষ টাকা জরিমানা

২৭ জুলাই ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়স্বতন্ত্র জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১০ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, মুন্সীগঞ্জ, লক্ষ্মীপুর, নড়াইল, মৌলভীবাজার ও ফেনীতে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর মোহাম্মদপুর এলাকায় ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Cafe Hamza কে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে ঢাকাইয়া ফার্মাকে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ১৫,০০০/- (পনের হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে ঢাকা মহানগরীর মোহাম্মদপুর এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে বিক্রমপুর মিষ্টান্ন ভান্ডারকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক নাসরিন আক্তারের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের বন্দর থানা এলাকায় ২টি প্রতিষ্ঠানকে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা, রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহীর গোদাগাড়ী উপজেলায় ৭টি প্রতিষ্ঠানকে ২৭,০০০/- (সাতাশ হাজার) টাকা, খুলনা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ মামুনুল হাসানের নেতৃত্বে খুলনা সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ১৭,০০০/- (সতের হাজার) টাকা, মুন্সীগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাহমিনা বেগমের নেতৃত্বে মুন্সীগঞ্জ সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা, লক্ষ্মীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানীষ রায়ের নেতৃত্বে লক্ষ্মীপুরের রায়পুর উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা, নড়াইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে নড়াইল সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা, মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে মৌলভীবাজারের শ্রীমঙ্গল উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং ফেনী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জয়াস চাকমার নেতৃত্বে ফেনী সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ২২,০০০/- (বাইশ হাজার) টাকাসহ মোট ১,৪২,৫০০/- (এক লক্ষ বিয়াল্লিশ হাজার পাঁচশত) টাকা পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, মূল্যের তালিকা প্রদর্শন না করা ও মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রিনা বেগম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে আনন্দ কাওসার এন্ড কুইজিন ও Loiter D85 কে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও ২,০০০/- (দুই হাজার) টাকাসহ মোট ৭,০০০/- (সাত হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ১,৭৫০/- (এক হাজার সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়।

আজকের ১০টি বাজার তদারকি ও অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ২৯টি প্রতিষ্ঠানকে মোট ১,৯৪,৫০০/- (এক লক্ষ চুরানব্বই হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে ২ জন অভিযোগকারীকে মং ১,৭৫০/- (এক হাজার সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানিটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা, মৎস্য অধিদপ্তরের প্রতিনিধি, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-

(আফরোজা রহমান)

সহকারী পরিচালক

### অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও সিলেট মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, মুন্সীগঞ্জ, লক্ষ্মীপুর, নড়াইল, মৌলভীবাজার ও ফেনী।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, মুন্সীগঞ্জ, লক্ষ্মীপুর, নড়াইল, মৌলভীবাজার ও ফেনী।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।